# বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

৮/সি শেরেবাংলা নগর, আগারগাঁও
ঢাকা-১২১০।
**Website: www.bteb.gov.bd**

## সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ, টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউট, স্বতন্ত্র কারিগরি প্রতিষ্ঠান, সরকারি/বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়ে এসএসসি (ভোকেশনাল) এবং মাদ্রাসায় দাখিল (ভোকেশনাল) শিক্ষাক্রমে নবম শ্রেণিতে ভর্তি নির্দেশিকা-২০২৪

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড পরিচালিত এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) শিক্ষাক্রমে ২০২৪ শিক্ষাবর্ষে নবম শ্রেণিতে সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ, টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউট, স্বতন্ত্র কারিগরি প্রতিষ্ঠান, সরকারি/বেসরকারি মাধ্যমিক বিদ্যালয় এবং মাদ্রাসাসমূহে শিক্ষার্থী ভর্তি নির্দেশিকা প্রণয়ন করা হলো:

১. ভূমিকা:

দেশ-বিদেশে চাকরি বাজারের জন্য দক্ষ জনশক্তি এবং প্রশিক্ষণ প্রতিষ্ঠান সম্পর্কে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড ধারাবাহিকভাবে কয়েকটি জরিপ পরিচালনা করে। এ সকল জরিপ এবং অনুরূপ অন্যান্য প্রতিবেদনের ফলাফল মাধ্যমিক পর্যায়ে এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) শিক্ষাক্রমকে জাতীয় শিক্ষা ব্যবস্থার একটি স্বতন্ত্র ধারা হিসেবে প্রবর্তনের জন্য সিদ্ধান্ত গ্রহণের নির্ভরযোগ্য ভিত হিসেবে প্রতিষ্ঠা করেছে। এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) শিক্ষাক্রম সাধারণ শিক্ষা ও মাদ্রাসা শিক্ষার সমন্বয়ে প্রণয়ন করা হয়েছে। এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) শিক্ষাক্রমের শিক্ষার্থীদের শিক্ষা প্রতিষ্ঠানে প্রতি বছর ১৪৭৬ পিরিয়ড (প্রতি পিরিয়ড ৪৫ মিনিট মেয়াদি) অধ্যয়ন করা ছাড়াও ০৬ (ছয়) সপ্তাহ সংশ্লিষ্ট কর্মক্ষেত্রে বাস্তব প্রশিক্ষণ গ্রহণ করতে হয়।

এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) শিক্ষাক্রমের ট্রেড বিষয়সমূহকে NTVQF/BNQF এর সাথে সমন্বয় করে পাঠ্যক্রম প্রণয়ন করা হয়েছে। এ ধারাবাহিকতায় বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) শিক্ষাক্রমের সিলেবাস পরিমার্জন করা হয়েছে। পরিমার্জিত এ সিলেবাসের প্রধান বৈশিষ্ট্যসমূহ হল:

- এসএসসি (ভোকেশনাল) শিক্ষাক্রমের সাধারণ বিষয়ের সিলেবাসের বিষয়বস্তু সাধারণ শিক্ষার শিক্ষাক্রম অনুসরণে এবং দাখিল (ভোকেশনাল) শিক্ষাক্রমের সিলেবাসের বিষয়বস্তু মাদ্রাসা শিক্ষার শিক্ষাক্রম অনুসরণে করা হয়েছে;
- কম্পিউটার অ্যাপ্লিকেশন বিষয়টি নবম ও দশম উভয় শ্রেণির পাঠ্যক্রমে অন্তর্ভুক্তসহ আবশ্যিক করা হয়েছে;
- ঐচ্ছিক বিষয় সিলেবাসে অন্তর্ভুক্ত করা হয়েছে;
- ট্রেড বিষয়টিকে দুটি বিষয়ে ভাগ করে ট্রেড-১ (১ম ও ২য় পত্র) এবং ট্রেড-২ (১ম ও ২য় পত্র) করা হয়েছে;
- শিক্ষার্থীদের জীবন দক্ষতা উন্নয়নের (Life Skill Development) জন্য ট্রেড বিষয়ের ব্যবহারিক অংশে Communicative English, ব্যক্তিত্বের বিকাশ, ইতিবাচক দৃষ্টিভঙ্গি, স্বাস্থ্য সচেতনতা, নিরাপত্তা, পরিবেশ সচেতনতা ইত্যাদি বিষয়বস্তু অন্তর্ভুক্ত করা হয়েছে;
- এসএসসি (ভোকেশনাল) শিক্ষাক্রমে নবম/দশম শ্রেণির মোট নম্বর ১২০০ এবং ঐচ্ছিক বিষয়সহ ১৩০০ এবং দাখিল (ভোকেশনাল) শিক্ষাক্রমে নবম/দশম শ্রেণির মোট নম্বর ১৩০০ এবং ঐচ্ছিক বিষয়সহ ১৪০০ করা হয়েছে।

২. ভর্তির নিয়মাবলী:

২.১ এসএসসি (ভোকেশনাল) এবং দাখিল (ভোকেশনাল) শিক্ষাক্রমে নবম শ্রেণিতে ভর্তিচ্ছু শিক্ষার্থীরা দেশের যে কোনো শিক্ষা বোর্ডের অধীনে অনুষ্ঠিত জুনিয়র স্কুল সার্টিফিকেট/জুনিয়র দাখিল সার্টিফিকেট/জেএসসি (ভোকেশনাল)/অষ্টম শ্রেণি উত্তীর্ণ শিক্ষার্থী ২০২৪ শিক্ষাবর্ষে ভর্তির জন্য আবেদন করতে পারবে;

২.২ সরকারি প্রতিষ্ঠানের ১ম শিফটে ভর্তিচ্ছু প্রার্থীদের ২০১৮ অথবা এর পরবর্তী সময়ে জেএসসি/জেডিসি পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। সরকারি প্রতিষ্ঠানের ২য় শিফট এবং বেসরকারি প্রতিষ্ঠানের জন্য জেএসসি/জেডিসি/অষ্টম শ্রেণি উত্তীর্ণদের পাশের সন শিথিল যোগ্য;

২.৩ শিক্ষা প্রতিষ্ঠানসমূহে ২০২৪ শিক্ষাবর্ষে নবম শ্রেণিতে ভর্তির জন্য প্রতিষ্ঠান প্রধানগণ নিজ দায়িত্বে বোর্ডের কেন্দ্রীয় ভর্তি কমিটি কর্তৃক প্রণীত নির্দেশিকা অনুসরণপূর্বক ব্যবস্থা গ্রহণ করবেন;

২.৪ ভর্তিচ্ছু প্রার্থীদেরকে নির্ধারিত ফরমে আবেদন করতে হবে এবং নিজ হস্তাক্ষরে ফরম পূরণ করতে হবে;

২.৫ ভর্তিচ্ছু প্রার্থী যে শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হতে ইচ্ছুক সে প্রতিষ্ঠান হতে (ভর্তির আবেদনপত্র/ফরম, নির্দেশিকার মূল্য এবং অন্যান্য খরচ মিটানোর জন্য) অফেরতযোগ্য ১৫০.০০ (একশত পঞ্চাশ মাত্র) টাকার বিনিময়ে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড প্রণীত ভর্তি নির্দেশিকা ও ভর্তির আবেদনপত্র/ফরম সংগ্রহ করতে হবে। ভর্তি ফরম ও নির্দেশিকা বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের ওয়েব সাইট থেকে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান ডাউনলোড/মুদ্রণ করে নেবে;

২.৬ শিক্ষা প্রতিষ্ঠানে চালুকৃত ট্রেডসমূহে নবম শ্রেণিতে ট্রেড ভিত্তিক শিক্ষার্থী ভর্তি করতে হবে;

২.৭ ট্রেড নির্বাচনের ক্ষেত্রে প্রতিষ্ঠানের অভ্যন্তরীণ শিক্ষার্থীদের পছন্দকে অগ্রাধিকার দিতে হবে এবং অবশিষ্ট আসনসমূহে লটারির মাধ্যমে ট্রেড ভিত্তিক ভর্তি তালিকা তৈরি করতে হবে;

২.৮ প্রার্থীকে ভর্তির আবেদনপত্রের সাথে জুনিয়র স্কুল সার্টিফিকেট/জুনিয়র দাখিল সার্টিফিকেট/অষ্টম শ্রেণি পাশের নম্বরপত্রের সত্যায়িত/অনলাইন নম্বরপত্রের কপি, শিক্ষার্থীর জন্ম সনদের ০১ (এক) কপি ফটোকপি, ০৪ (চার) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি এবং ফরম জমাদানের সময় প্রাপ্ত রশিদ সংযুক্ত করতে হবে;

২.৯ মুক্তিযোদ্ধা-শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং পুত্র-কন্যা পাওয়া না গেলে পুত্র-কন্যার পুত্র-কন্যাদের ভর্তির জন্য শূণ্য আসনের ৫% কোটা সংরক্ষণ থাকবে। শিক্ষা মন্ত্রণালয়, কারিগরি শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড এবং স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত শিক্ষক/কর্মকর্তা/কর্মচারীর সন্তানদের জন্য ২% আসনে মেধানুযায়ী (পছন্দক্রমে) শিক্ষার্থী ভর্তি করা যাবে। বিশেষ চাহিদাসম্পন্ন শিক্ষার্থীদের শিক্ষার মূল ধারায় সম্পৃক্ত করার লক্ষ্যে ন্যূনতম যোগ্যতা থাকা সাপেক্ষে ভর্তির ক্ষেত্রে ২% কোটা সংরক্ষিত থাকবে। তবে এ ক্ষেত্রে প্রমাণস্বরূপ যথাযথ কর্তৃপক্ষের প্রত্যয়নপত্র দাখিল করতে হবে;

২.১০ মেয়েদের ২০% ও ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর জন্য ২% কোটা সংরক্ষণ করতে হবে। সংরক্ষিত কোটায় যোগ্য আবেদনকারী না পাওয়া গেলে মেধা তালিকা থেকে তা পূরণ করা যাবে;

২.১১ প্রতিষ্ঠান সংলগ্ন ক্যাচমেন্ট এরিয়ার শিক্ষার্থীদের জন্য ৪০% কোটা সংরক্ষণ করতে হবে;

২.১২ কোনো প্রতিষ্ঠানে আবেদনকারী শিক্ষার্থী সহোদর/সহোদরা বা যমজ ভাই/বোন যদি পূর্ব থেকে অধ্যয়নরত থাকে সে সকল সহোদর/সহোদরা বা যমজ ভাই/বোনের জন্য ৫% কোটা সংরক্ষণ করতে হবে;

২.১৩ প্রার্থীকে রেজিস্ট্রেশনের সময় অষ্টম শ্রেণি/জুনিয়র স্কুল সার্টিফিকেট/জুনিয়র দাখিল সার্টিফিকেট পাশের মূল নম্বরপত্র সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে সংরক্ষণের জন্য জমা দিতে হবে। নম্বরপত্রের মূলকপি শিক্ষাক্রমের সর্বশেষ পরীক্ষা পর্যন্ত সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে জমা থাকবে। এ সময়ের মধ্যে কোনো প্রার্থী তা ফেরত চাইলে তার ভর্তি বাতিল করে ফেরত দেয়া হবে;

২.১৪ প্রতি সপ্তাহে সর্বোচ্চ ৪১/৪২ পিরিয়ড করে বছরে ৩৬ সপ্তাহ ক্লাস অনুষ্ঠিত হবে। অধিকন্তু ০৬ (ছয়) সপ্তাহ সংশ্লিষ্ট কর্মক্ষেত্রে বাস্তব প্রশিক্ষণ (ইন্ডাস্ট্রিয়াল অ্যাটাচমেন্ট) গ্রহণ করতে হবে;

২.১৫ চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীকে যাবতীয় ফি প্রদানপূর্বক নির্দিষ্ট তারিখের মধ্যে প্রতিষ্ঠানে ভর্তি হতে হবে;

২.১৬ প্রার্থীকে নির্ধারিত ফি প্রদানপূর্বক বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের নবম শ্রেণির রেজিস্ট্রেশন নির্ধারিত সময়সূচি মোতাবেক সম্পন্ন করতে হবে;

২.১৭ এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) শিক্ষাক্রমে ভর্তিকৃত শিক্ষার্থীকে বোর্ড নির্ধারিত পাঠ্যসূচি সংগ্রহ করতে হবে;

২.১৮ বর্ণিত নির্দেশিকার চূড়ান্ত ব্যাখ্যা প্রদানের ক্ষমতা বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের উপর ন্যস্ত;

২.১৯ বর্ণিত নির্দেশিকার বহির্ভূত কোনো বিষয়ে সিদ্ধান্তের প্রয়োজন হলে সে ব্যাপারে শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃপক্ষ বোর্ডের অনুমোদন সাপেক্ষে ব্যবস্থা গ্রহণ করবেন;

২.২০ শিক্ষার্থী বলতে সহশিক্ষা প্রতিষ্ঠানের জন্য ছাত্র ও ছাত্রী, বালকদের প্রতিষ্ঠানের জন্য ছাত্র এবং বালিকাদের প্রতিষ্ঠানের জন্য ছাত্রী বুঝাবে;

২.২১ ভর্তির জন্য নির্ধারিত তারিখের মধ্যে আসন সংখ্যা পূরণ না হলে অপেক্ষমান তালিকা হতে সময়সূচি অনুযায়ী শূন্য আসনে আগে আসলে আগে পাবে ভিত্তিতে শিক্ষার্থী ভর্তি করা যাবে। অপেক্ষমান তালিকা হতে ভর্তির জন্য নির্ধারিত তারিখের পরেও যদি আসন শূন্য থাকে তবে বোর্ডের সাথে যোগাযোগ করে পরবর্তী ব্যবস্থা গ্রহণ করতে হবে;

২.২২ শিক্ষা প্রতিষ্ঠানে অনুমোদিত প্রত্যেক ট্রেডে ন্যূনতম ১৫ জন শিক্ষার্থী ভর্তি করতে হবে;

২.২৩ আসন সংখ্যা: সরকারি টিএসসি (TSC)-তে ভর্তির শিফট ও বিভিন্ন শ্রেণির আসন সংখ্যা কারিগরি শিক্ষা অধিদপ্তরের নির্দেশনা অনুসরণ করতে হবে;

২.২৪ কোনো অবস্থাতেই এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) শিক্ষাক্রমে অধ্যয়নরত কোনো শিক্ষার্থী একই শিক্ষাক্রমে পুনরায় ভর্তি হতে পারবে না অথবা একই শিক্ষাবর্ষে একজন শিক্ষার্থী একাধিক শিক্ষা প্রতিষ্ঠানে একত্রে ভর্তি হতে পারবে না;

২.২৫ বিগত শিক্ষাবর্ষে এসএসসি (ভোকেশনাল)/দাখিল (ভোকেশনাল) শিক্ষাক্রমে ভর্তিকৃত শিক্ষার্থীরা পুনরায় ট্রেড পরিবর্তন বা অন্য কোনো কারণে নতুন করে ভর্তি হলে পূর্বের রেজিস্ট্রেশন কার্ড বোর্ডে জমা দিয়ে বিধি মোতাবেক ভর্তি বাতিল করে পুনরায় রেজিস্ট্রেশন করতে পারবে;

২.২৬ শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হওয়ার সময় বোর্ডে নিবন্ধন ভুক্তির জন্য প্রার্থীগণকে নির্ধারিত ফি [ভর্তি আবেদনপত্র ফি ৩০.০০ (ত্রিশ) টাকা, নিবন্ধন ফি ১৩০.০০ (একশত ত্রিশ) টাকা, ক্রীড়া ফি ৫০.০০ (পঞ্চাশ) টাকা, স্কাউট/গার্লস্ গাইড ফি ১৫.০০ (পনের) টাকা, রেড ক্রিসেন্ট ফি ৮.০০ (আট) টাকা, বিজ্ঞান ও প্রযুক্তি ফি ৭.০০ (সাত) টাকাসহ সর্বমোট ২৪০ (দুইশত চল্লিশ)] টাকা প্রদানপূর্বক বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের নিবন্ধন প্রক্রিয়া সম্পন্ন করে নোটিশ মোতাবেক বোর্ডে প্রিন্ট আউট কপি জমা দিতে হবে।

- শিক্ষা মন্ত্রণালয়ের পরিপত্র অনুযায়ী অন্যান্য ফি প্রযোজ্য হবে।
- রেড ক্রিসেন্ট ফি ২০.০০ টাকা (৬০% বা ১২.০০ টাকা প্রতিষ্ঠানে রেখে অবশিষ্ট ৪০% বা ৮.০০ টাকা বোর্ড পাবে)।
- বিজ্ঞান ও প্রযুক্তি ফি ১০.০০ টাকা (৩০% বা ৩.০০ টাকা সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান পাবে এবং ৭০% বা ৭.০০ টাকা বোর্ড পাবে)।
- দরিদ্র মেধাবী ও বিশেষ চাহিদা সম্পন্ন শিক্ষার্থীদের ভর্তি ফিসহ অন্যান্য ফি মওকুফ বলে গণ্য হবে।
- বোর্ড কর্তৃক নির্ধারিত ফিসের বাইরে প্রতিষ্ঠান শিক্ষার্থীদের উপর অন্য কোনো চার্জ আরোপ করতে পারবে না।

৩. ভর্তি সংক্রান্ত সময়সূচি:

| কার্যক্রম | প্রতিষ্ঠান | |
|---|---|---|
| | টেকনিক্যাল স্কুল ও কলেজ/টিভিআই (প্রথম শিফট ও দ্বিতীয় শিফট) | বেসরকারি প্রতিষ্ঠান (প্রথম শিফট) |
| আবেদনপত্র বিতরণ ও গ্রহণ | ১৯/১১/২০২৩ খ্রি. হতে ১৯/১২/২০২৩ খ্রি. পর্যন্ত (সাপ্তাহিক ছুটি ও সরকারি ছুটি ব্যতিত) | |
| লটারির মাধ্যমে ট্রেড অনুসারে নির্বাচিত শিক্ষার্থীর তালিকা প্রকাশ | ২০/১২/২০২৩ খ্রি. | |
| শিক্ষার্থী ভর্তি | ২১/১২/২০২৩ খ্রি. হতে ২৮/১২/২০২৩ খ্রি. পর্যন্ত | |
| বই উৎসব | ০১/০১/২০২৪ খ্রি. | |
| ক্লাস আরম্ভের তারিখ | ০২/০১/২০২৪ খ্রি. | |

* শিক্ষা মন্ত্রণালয়ের সরকারি/বেসরকারি ভর্তির নীতিমালা অনুসরণ করতে হবে।

৪. এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) শিক্ষাক্রমের ট্রেডসমূহ:

| ক্রমিক নং | ট্রেড কোড | ট্রেডের নাম | ক্রমিক নং | ট্রেড কোড | ট্রেডের নাম |
|---|---|---|---|---|---|
| ১. | ৬৪ | বিল্ডিং মেইনটেন্যান্স | ১৬. | ৮২ | মেশিন অপারেশন বেসিকস |
| ২. | ৬৫ | উড ওয়ার্কিং | ১৭. | ৮৩ | অটোমোবাইল অ্যান্ড অটো-ইলেকট্রিক বেসিকস |
| ৩. | ৬৯ | সিভিল ড্রাফটিং উইথ ক্যাড | ১৮. | ৭০ | মেকানিক্যাল ড্রাফটিং উইথ ক্যাড |
| ৪. | ৮৭ | সিভিল কন্সট্রাকশন অ্যান্ড সেফটি | ১৯. | ৭৭ | জেনারেল মেকানিক্স |
| ৫. | ৯১ | প্লাম্বিং অ্যান্ড পাইপ ফিটিং | ২০. | ৯৬ | ওয়েল্ডিং অ্যান্ড ফেব্রিকেশন |
| ৬. | ৯৭ | আর্কিটেকচারাল ড্রাফটিং উইথ ক্যাড | ২১. | ৭২ | ডাইং প্রিন্টিং অ্যান্ড ফিনিশিং |
| ৭. | ৬১ | এগ্রোবেস্‌ড ফুড | ২২. | ৮১ | অ্যাপারেল ম্যানুফেকচারিং বেসিকস |
| ৮. | ৭৪ | ফার্ম মেশিনারি | ২৩. | ৯৫ | উইভিং |
| ৯. | ৭৫ | ফিস কালচার অ্যান্ড ব্রিডিং | ২৪. | ৯৮ | নিটিং |
| ১০. | ৭৬ | ফুড প্রসেসিং অ্যান্ড প্রিজারভেশন | ২৫. | ৯০ | জেনারেল ইলেকট্রিক্যাল ওয়ার্কস |
| ১১. | ৭৮ | লাইভস্টক রিয়ারিং অ্যান্ড ফার্মিং | ২৬. | ৭৩ | ইলেকট্রিক্যাল মেইনটেন্যান্স ওয়ার্কস |
| ১২. | ৮০ | পোল্ট্রি রিয়ারিং অ্যান্ড ফার্মিং | ২৭. | ৯২ | রেফ্রিজারেশন অ্যান্ড এয়ার কন্ডিশনিং |
| ১৩. | ৯৪ | ফ্রুট অ্যান্ড ভেজিটেবল কাল্টিভেশন | ২৮. | ৬২ | জেনারেল ইলেকট্রনিক্স |
| ১৪. | ৯৯ | শ্রিম্প কালচার অ্যান্ড ব্রিডিং | ২৯. | ৮৯ | পেশেন্ট কেয়ার টেকনিক |
| ১৫. | ৮৮ | আইটি সাপোর্ট অ্যান্ড আইওটি বেসিকস | | | |

স্বাক্ষরিত/-
(প্রকৌশলী মোঃ রকিব উল্লাহ)
পরিচালক (কারিকুলাম)
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোন: ০২-৫৫০০৬৫২৩

স্মারক নং: ৫৭.১৭.০০০০.২০৩.৩২.০০১.১৪-৫৮২(১১)

তারিখ: ১৪-১১-২০২৩ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল:

১. সিনিয়র সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
২. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, প্র/এ, ঢাকা-১২০৭।
৩. উপসচিব (কারিগরি-৩), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
৪. সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৫. পরীক্ষা নিয়ন্ত্রক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা। **(ভর্তি নির্দেশিকাটি বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)**
৭. উপসচিব (রেজিস্ট্রেশন), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৮. উপপরীক্ষা নিয়ন্ত্রক (ভোকেশনাল), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৯. অধ্যক্ষ/সুপারিনটেনডেন্ট/প্রধান শিক্ষক ......................., সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহ।
১০. চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১১. সংরক্ষণ নথি।

১৪/১১/২৩

(মোহাম্মদ গোলাম মহিউদ্দিন ভূঁইয়া)
বিশেষজ্ঞ (এসএসসি ভোকেশনাল)
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোন: ০২-৫৫০০৬৫৩৮

প্রথম শিফ্‌ট/দ্বিতীয় শিফ্‌ট

শিক্ষা প্রতিষ্ঠানের সীলমোহর

ক্রমিক নং ......................
তারিখ: ............................

পাসপোর্ট আকারের এক কপি ছবি (আঠা দিয়ে লাগাতে হবে)

# বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

এসএসসি (ভোকেশনাল)/দাখিল (ভোকেশনাল) শিক্ষাক্রম
২০২৪ শিক্ষাবর্ষ
**নবম শ্রেণিতে ভর্তির আবেদনপত্র**
(স্কুল/মাদ্রাসার সনদ অনুসারে স্বহস্তে পূরণ করতে হবে)

১. প্রার্থীর পূর্ণনাম: (স্পষ্টাক্ষরে)
বাংলায় ..........................................................................................
ইংরেজিতে (বড় হাতের অক্ষরে) | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |

২. পিতার নাম :
বাংলায় ..........................................................................................
ইংরেজিতে (বড় হাতের অক্ষরে) | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |

৩. মাতার নাম :
বাংলায় ..........................................................................................
ইংরেজিতে (বড় হাতের অক্ষরে) | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |

৪. পিতা/মাতার মোবাইল নম্বর: | ০ | ১ | | | | | | | | | |

৫. অভিভাবকের নাম: (পিতা-মাতার অবর্তমানে) ...................................... মোবাইল নম্বর: | ০ | ১ | | | | | | | | | |

৬. বর্তমান ঠিকানা : ..........................................................................................
..........................................................................................

৭. স্থায়ী ঠিকানা : ..........................................................................................
..........................................................................................

৮. জাতীয়তা: ........................................ জন্ম তারিখ: (সনদপত্র অনুসারে)

| দিন | | মাস | | বছর | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | |

৯. ধর্ম: ..............................................................

১০. যে স্কুল/মাদ্রাসা হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট/জুনিয়র দাখিল সার্টিফিকেট/অষ্টম শ্রেণি পাশ করেছে তার নাম ও ঠিকানা: ..........................................
..........................................................................................

১১. টাকা প্রদানের রশিদ নং:.................................................. তারিখ:..................................................

১২. সংযোজনী: ক. জুনিয়র স্কুল সার্টিফিকেট/জুনিয়র দাখিল সার্টিফিকেট/অষ্টম শ্রেণি পরীক্ষায় পাশের নম্বরপত্রের সত্যায়িত/অনলাইন নম্বরপত্রের কপি।
খ. পাসপোর্ট আকারের ০৪ (চার) কপি সত্যায়িত ছবি।
গ. ফরম ক্রয় বাবদ টাকা প্রদানের প্রাপ্ত মূল্য রশিদ।

আবেদনকারীর স্বাক্ষর ও তারিখ

অব্যাহত-২

---

শিক্ষা প্রতিষ্ঠানের সীলমোহর

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
এসএসসি (ভোকেশনাল)/দাখিল (ভোকেশনাল) শিক্ষাক্রম
২০২৪ শিক্ষাবর্ষ
নবম শ্রেণি

প্রথম শিফ্‌ট/দ্বিতীয় শিফ্‌ট

পাসপোর্ট আকারের এক কপি ছবি (আঠা দিয়ে লাগাতে হবে)

## শিক্ষার্থী কপি

প্রার্থীর নাম: ..........................................................................................
পিতার নাম: ..........................................................................................
মাতার নাম: ..........................................................................................
আবেদন পত্রের ক্রমিক নং: .................................................. তারিখ: ..................................................

১৩. আবেদনকারীর অঙ্গীকারনামা :

এ মর্মে অঙ্গীকার করছি যে, ভর্তি হবার সুযোগ পেলে আমি অত্র শিক্ষা প্রতিষ্ঠান ও বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের যাবতীয় আইনকানুন মেনে চলব এবং কোন অবস্থাতেই অত্র শিক্ষা প্রতিষ্ঠান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড এবং দেশের আইনের পরিপন্থি কোন কাজে লিপ্ত হব না।

.......................................................... ..........................................................

পিতা/মাতা/অভিভাবকের স্বাক্ষর ও তারিখ আবেদনকারীর স্বাক্ষর ও তারিখ

(অফিস কর্তৃক পূরণীয়)

১৪. অনুমতি প্রাপ্ত ট্রেডের নামঃ .......................................................................................... ভর্তির অনুমতি দেয়া হলো।

উপাধ্যক্ষ/একাডেমিক ইন চার্জ/সহকারি প্রধান শিক্ষক

অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপারিনটেনডেন্ট